# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

### ঢাকা, বৃহস্পতিবার ১৪ জুলাই ২০১৬, ৩০ আষাঢ় ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। গণপ্রতিরোধ গড়ে তুলুন, জঙ্গিরা আরো হামলা চালাতে পারে : প্রধানমন্ত্রী
২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ মঙ্গোলিয়া যাচ্ছেন
৩। নয় লাখ মেট্রিকটন এমওপি সার আমদানিসহ দশ ক্রয় প্রস্তাব অনুমোদন
৪। গুলশানে জঙ্গি হামলায় দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়নি : পররাষ্ট্রমন্ত্রী
৫। দেশের সার্বভৌমত্ব ক্ষুণ্ন হবে এমন সিদ্ধান্ত নেবে না সরকার : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী
৬। যুদ্ধাপরাধীদের নামে বরাদ্দকৃত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্লট বাতিল
৭। ২০১৫-২০১৬ অর্থবছরে পণ্য রপ্তানি আয়ে প্রবৃদ্ধি ১০ শতাংশ
৮। সংসদ ভবন এলাকার নিরাপত্তা জোরদার করার নির্দেশ
৯। ৩৪তম বিসিএসে নন-ক্যাডার পদে ১১৯ জনকে নিয়োগের সুপারিশ
১০। আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণে নেওয়া যাবে বেশি ডলার : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন
১১। বাংলাদেশের নারী শ্রমিকরা ওমানে নির্যাতনের শিকার : হিউম্যান রাইটস ওয়াচের প্রতিবেদন

চলমান পাতা-২

১।　**গণপ্রতিরোধ গড়ে তুলুন, জঙ্গিরা আরো হামলা চালাতে পারে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে আরো জঙ্গি হামলা হওয়ার আশঙ্কা প্রকাশ করে বলেছেন, যুদ্ধাপরাধীদের পরিবারের অর্থায়ন আর অতীতে অগ্নিসন্ত্রাস ও মানুষ পুড়িয়ে হত্যাকারী বিএনপি-জামায়াত জঙ্গিবাদের সঙ্গে সম্পৃক্ত হয়ে নানা ঘটনা ঘটাতে পারে। হয়তো দেখা যাবে, একই সঙ্গে ৭/৮টি জেলায় বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গা কিংবা বিভিন্ন মানুষের ওপর তারা আক্রমণ চালাচ্ছে। তাই আইন-শৃঙ্খলা বাহিনী, বিভিন্ন গোয়েন্দা সংস্থাসহ সকলকে আরো সজাগ ও সতর্ক থাকতে হবে। একই সঙ্গে জঙ্গিবাদের বিরুদ্ধে সম্মিলিতভাবে প্রতিরোধ গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী দেশবাসীর প্রতি উদার আহ্বান জানান। তিনি বলেন, জনগণের শক্তি নিয়ে আমরা সন্ত্রাস-জঙ্গিবাদ মোকাবিলা করে দেশকে প্রগতি ও উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাব। সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টির কার্যক্রমের অংশ হিসেবে গতকাল **১৩** জুলাই বুধবার গণভবন থেকে দেশের চারটি বিভাগের **৩১**টি জেলার বিভিন্ন শ্রেণি-পেশার জনগণের সঙ্গে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী ভিডিও কনফারেন্সে সূচনা ও সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৭)। **ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **ইত্তেফাক, ভোরের কাগজ, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২।　**প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ মঙ্গোলিয়া যাচ্ছেন**

এশিয়া ও ইউরোপ মহাদেশের জোট আসেমের **১১**তম শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ **১৪** জুলাই বৃহস্পতিবার তিনদিনের সরকারি সফরে মঙ্গোলিয়া যাচ্ছেন। **১৫** ও **১৬** জুলাই মঙ্গোলিয়ার রাজধানী উলানবাটোরে এই সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব ছাড়াও সন্ত্রাসবাদ দমন বিষয়ে জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবের সঙ্গে একটি বৈঠক এবং নয়টি দেশের রাষ্ট্র ও সরকার প্রধানের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী গতকাল **১৩** জুলাই বুধবার এক সংবাদ সম্মেলনে আসেম সম্মেলন সম্পর্কে অবহিত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)।

৩।　**নয় লাখ মেট্রিকটন এমওপি সার আমদানিসহ দশ ক্রয় প্রস্তাব অনুমোদন**

নয় লাখ মেট্রিকটন এমওপি সার আমদানিসহ প্রায় দেড় হাজার কোটি টাকার **১০**টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল **১৩** জুলাই বুধবার সচিবালয়ে সরকারি ক্রয় প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়েছে। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মো. মোস্তাফিজুর রহমান জানান, বৈঠকে মোট **১০**টি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এতে মোট ব্যয় হবে **১** হাজার ৪৯৪ কোটি টাকা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৪।　**গুলশানে জঙ্গি হামলায় দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়নি : পররাষ্ট্রমন্ত্রী**

জঙ্গি ও সন্ত্রাসবাদ মোকাবিলায় জাতীয় স্বার্থ সমুন্নত রেখেই বিদেশীদের সহায়তা নেওয়া হবে। জঙ্গি হামলা এখন বৈশ্বিক হওয়ায় গুলশান হামলার প্রেক্ষিতে বিদেশে বাংলাদেশের কোনো ভাবমূর্তি ক্ষুণ্ন হয়নি। গতকাল **১৩** জুলাই বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৫।　**দেশের সার্বভৌমত্ব ক্ষুণ্ন হবে এমন সিদ্ধান্ত নেবে না সরকার : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশের সার্বভৌমত্ব ক্ষুণ্ন হবে এমন কোনো সিদ্ধান্ত নেবে না সরকার। জঙ্গি হামলার ঘটনা তদন্তে উন্নত প্রযুক্তি ব্যবহার করার জন্যই এফবিআইকে অন্তর্ভুক্ত করা হয়েছে। গতকাল **১৩** জুলাই বুধবার আশুলিয়া বাইপাইলে বিআরটিএ পরিচালিত ভ্রাম্যমাণ আদালত পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.৪,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৩)।

৬।　**যুদ্ধাপরাধীদের নামে বরাদ্দকৃত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্লট বাতিল**

একাত্তরে যুদ্ধাপরাধের দায়ে অভিযুক্তদের নামে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) বরাদ্দকৃত প্লট বাতিল করা হয়েছে বলে জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। গতকাল ১৩ জুলাই বুধবার গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভাকক্ষে রাজউকের সঙ্গে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের ঋণচুক্তি স্বাক্ষর



অনুষ্ঠানে তিনি এ কথা জানান। সূত্র-**ভোরের কাগজ (**পৃ.১,ক.৪**) ইত্তেফাক** (শেষ পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৮)। **সংবাদ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। ২০১৫-২০১৬ অর্থবছরে পণ্য রপ্তানি আয়ে প্রবৃদ্ধি ১০ শতাংশ**

বিশ্ববাজারে পণ্যমূল্য ক্রমাগত কমে যাওয়ার পরও সদ্যবিদায়ী ২০১৫-২০১৬ অর্থবছরে পণ্য রপ্তানি আয়ে প্রায় ১০ শতাংশ প্রবৃদ্ধি করেছে দেশ। যার মোট পরিমাণ ৩ হাজার ৪২৪ কোটি ১৮ লাখ মার্কিন ডলার। দেশীয় মুদ্রায় প্রায় ২ লাখ ৭৩ হাজার ৯৩৪ কোটি টাকার সমান। এছাড়া অর্থবছরের লক্ষ্যমাত্রাকেও ছাড়িয়েছে রপ্তানি আয়। লক্ষ্যমাত্রা থেকে ২ শতাংশের বেশি আয় হয়েছে। এক অর্থবছরে দেশের ইতিহাসে এটিই সর্বোচ্চ পণ্য রপ্তানি আয়। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) রপ্তানি আয়ের হালনাগাদ পরিসংখ্যানে দেখা যায়, ২০১৫-২০১৬ অর্থবছরে গার্মেন্টস, চামড়া, পাটসহ বিভিন্ন পণ্য রপ্তানি করে ৩ হাজার ৪২৪ কোটি ডলার আয় হয়েছে। যা এর আগের অর্থবছর ছিল ৩ হাজার ১২০ কোটি ডলার। সে হিসেবে আগের বছরের তুলনায় ৯ দশমিক ৭২ শতাংশ বেশি রপ্তানি আয় হয়েছে। সূত্র-**সংবাদ (**পৃ.১,ক.৩**), ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **যুগান্তর** (পৃ.৯,ক.৬), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২)।

**৮। সংসদ ভবন এলাকার নিরাপত্তা জোরদার করার নির্দেশ**

সংসদ ভবন এলাকার নিরাপত্তা আরো জোরদার করার নির্দেশ দিয়েছেন জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ফজলে রাব্বী মিয়া। পাশাপাশি সেখানে দায়িত্বরত নিরাপত্তাকর্মীদের বুলেট প্রুফ জ্যাকেট ও হেলমেট সরবরাহের নির্দেশ দেন তিনি। গত ১ জুলাই রাজধানীর গুলশানের হলি আর্টিজান বেকারি এবং ৭ জুলাই কিশোরগঞ্জের শোলাকিয়ায় ঈদগাহ ময়দানের কাছে পুলিশের ওপর জঙ্গি হামলার প্রেক্ষাপটে এ নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ১৩ জুলাই বুধবার সংসদ ভবন এলাকার নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শনের সময় তিনি এ নির্দেশ দেন বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। সূত্র-**ভোরের কাগজ (**শেষ পৃ.,ক.৫**), যুগান্তর** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**৯। ৩৪তম বিসিএসে নন-ক্যাডার পদে ১১৯ জনকে নিয়োগের সুপারিশ**

৩৪তম বিসিএসে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে ১১৯ জনকে নন-ক্যাডার হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়ে দ্বিতীয় শ্রেণির পদে নিয়োগের সুপারিশ করেছে সরকারি কর্মকমিশন সচিবালয় (পিএসসি)। গতকাল ১৩ জুলাই বুধবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে সংস্থাটি। এতে বলা হয়, নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এর বিধান অনুযায়ী ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য থেকে নিয়োগের সুপারিশ করা হয়েছে। সুপারিশপ্রাপ্তদের তালিকা পিএসসির ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) দেওয়া হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮)।

**১০। আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণে নেওয়া যাবে বেশি ডলার : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

বেসরকারি উদ্যোগে আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন বা কর্মশালার সময় অংশ নিতে দেশের বাইরে যাওয়ার সময় আগের তুলনায় বেশি ডলার নেওয়া যাবে। বৈদেশিক মুদ্রা বিনিময় নীতিমালা সহজীকরণের আওতায় এ উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ব্যাংক। সম্প্রতি এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করে ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের কাছে পাঠানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, এখন থেকে সার্কভুক্ত দেশ ও মায়ানমারে বেসরকারি উদ্যোগে আয়োজিত কোনো সেমিনারে, সম্মেলন, কর্মশালায় অংশগ্রহণের জন্য গেলে একজন ব্যক্তি সাড়ে ৩ শত ডলার নিতে পারবেন। আর অন্য দেশে গেলে নেওয়া যাবে ৪ শত ডলার। এতোদিন যে কোনো দেশের জন্য এ কোটা ২ শত ডলারে নির্ধারিত ছিল। ডলার ছাড় করার আগে সংশ্লিষ্ট ব্যাংক শাখা থেকে সেমিনারে অংশ নেওয়ার বিষয়ে প্রয়োজনীয় আবেদনসহ কাগজপত্র নিতে বলা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.১), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.৮)।

**১১। বাংলাদেশের নারী শ্রমিকরা ওমানে নির্যাতনের শিকার : হিউম্যান রাইটস ওয়াচের প্রতিবেদন**

মধ্যপ্রাচ্যের দেশ ওমানে আধুনিক দাসপ্রথার শিকার হচ্ছেন বিদেশি গৃহকর্মীরা। যেখানে অন্যান্য দেশের কর্মীদের সঙ্গে বাংলাদেশের নারী গৃহকর্মীরাও শিকার হচ্ছেন নির্যাতন-নিপীড়নের। যুক্তরাষ্ট্রভিত্তিক মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচের প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।



## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, সমকাল, যুগান্তর, ইনকিলাব, নিউ নেশন :** সিঙ্গাপুরে জঙ্গি অর্থায়নের অভিযোগে চার বাংলাদেশি জঙ্গির কারাদণ্ড প্রদানের ঘটনা জঙ্গিদের দ্রুত বিচারের একটি অনুসরণীয় নজির বলে অভিমত প্রকাশ করে দেশে ও বর্হিবিশ্বে বাংলাদেশের প্রতি আস্থা অক্ষুন্ন রাখতে সরকারসহ সকলকে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ ও প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান।

খ. **ইত্তেফাক :** অফিস-আদালত, পাড়া-মহল্লা, বাসাবাড়ি সর্বত্র নিরাপত্তা রক্ষায় সিসিটিভি ক্যামেরার ব্যবহার বাড়াতে সকলকে সচেতন হওয়ার আহ্বান।

গ. **সংবাদ :** সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের স্মরণিকায় ইতিহাস বিকৃতির ঘটনাকে কেন্দ্র করে ঘটে যাওয়া হামলার ঘটনায় দ্রুত তদন্ত কমিটি করে তদন্ত করে ইতিহাস বিকৃতির সাথে জড়িতদের বিরুদ্ধে সর্বোচ্চ আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ :** দেশে স্কুল ব্যাংকিং ক্রমশই শিক্ষার্থীদের মধ্যে সাড়া জাগানোয় এ কার্যক্রমের সাফল্য ব্যাপকতর করতে বাণিজ্যিক ব্যাংকগুলোকে আরও কিছু পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঙ. **ভোরের কাগজ :** কলেজ জাতীয়করণে জালিয়াতি-দুর্নীতির অভিযোগ আমলে নিয়ে উদ্ভূত পরিস্থিতিতে সংশ্লিষ্টদের ঘোষিত তালিকার অভিযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ব্যাপারে তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন, সমকাল, যুগান্তর :** নেচার জিওসায়েন্স জার্নালের একটি প্রতিবেদনে বাংলাদেশে বড় ধরনের ভূমিকম্পের আশংকা থাকায় পরিস্থিতি মোকাবেলায় এখনই প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়ার ওপর গুরুত্বারোপ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের তরুণ সমাজকে সঠিক পথে রাখতে অভিভাবক, শিক্ষক ও সরকারি কর্মকর্তাদেরকে সন্তানদের ওপর সর্বদা নজর রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে আহ্বান জানিয়েছেন তাতে সবাইকে সাড়া দেওয়ার পরামর্শ।

ঝ. **নিউজ টুডে :** শিশু অধিকার সুরক্ষায় স্বাধীন জাতীয় কমিশন গঠনের জন্য জাতীয় মানবাধিকার কমিশনের উদ্যোগের সাফল্যের প্রত্যাশা।

ঞ. **নিউ এজ :** সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগের মামলাগুলোর বিচার দ্রুততার সঙ্গে সম্পন্ন করতে কর্তৃপক্ষকে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে দেশকে সন্ত্রাসের হাত থেকে বাঁচানোর জন্য একাত্তরের চেতনায় ঐক্যবদ্ধ হয়ে সম্মানের পথে, শান্তি ও প্রগতির পথে ভেদাভেদ ভুলে একত্রে অগ্রসর হতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **' দিগভ্রান্তদের ফেরানো, বাকিদের রক্ষার পথ'** শিরোনামের নিবন্ধে অধ্যক্ষ

কাজী ফারুক আহমেদ  এ দেশে তরুণদের নিয়ে যে সংকট ঘনীভূত হয়েছে তার জন্য দোষা রোপের প্রবণতা পরিহার করে সবাই মিলে যার যার অবস্থান থেকে ভবিষ্যৎ প্রজন্মকে সুরক্ষায় ও তাদের কাঙ্ক্ষিত বিকাশে এগিয়ে আসা দরকার বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ঘণ্টা